বিসমিল্লাহির রাহমানির রাহিম

## মুসলিম উম্মাহ অফ নর্থ আমেরিকা (মুনা)

আল্লাহ (সুবহানাহু ওয়া তা'আলা) মানুষকে সৃষ্টি করেছেন এবং তাকে চিন্তা ও ইচ্ছার স্বাধীনতা এবং অন্যান্য ইন্দ্রিয়ের শক্তি দান করেছেন। তিনি আবার তাকে সঠিক পথের নির্দেশনাও দিয়েছেন। এখন মানুষ ইচ্ছে করলে এ পথ গ্রহণও করতে পারে আবার অস্বীকারও করতে পারে।

আল্লাহ (সুবহানাহু ওয়া তা'আলা) বলেছেন, 'নিশ্চয়ই আমি মানুষকে সৃষ্টি করেছি মিশ্র শুক্রবিন্দু থেকে যেন তাকে পরীক্ষা করতে পারি। তাকে শ্রবনশক্তি ও দৃষ্টিশক্তি বিশিষ্ট করেছি। নিশ্চয়ই আমি তাকে পথ দেখিয়েছি, এখন সে ইচ্ছে করলে হতে পারে শোকরকারী বা অস্বীকারকারী' (আল-কুর'আন সূরা আদ-দাহার ৭৬: ২-৩) গোটা মানব জাতির জন্য জীবন বিধান হিসেবে আল্লাহ (সুবহানাহু ওয়া তা'আলা) তার হিদায়েতকে পরিপূর্ণ করেছেন মুহাম্মদ ( সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর মাধ্যমে, ইসলামকে তিনি গোটা মানবতার জন্য জীবন চলার বিধান হিসেবে নির্দিষ্ট করে দিয়েছেন। এটিকেই করা হয়েছে সিরাতুল মুস্তাকীম বা সোজা সরল পথ, যার অনুসরণ করে পাওয়া যেতে পারে দুনিয়াতে শান্তি ও পরকালে মুক্তি। ইসলামের বিধানকে মানুষের জীবনে বাস্তবায়নের জন্য মানুষকে আহবানের পাশাপাশি তাদেরকে সংঘবদ্ধ করে দ্বীনের প্রশিক্ষণ দানের মাধ্যমে তাদের জীবনে

সংশোধন এনেছিলেন মুহাম্মদ (সঃ)। আজকে আমাদের ও আমাদের সন্তানদের সিরাতুল মুস্তাকীমের পথে অটল রাখতে হলে সংঘবদ্ধ জীবনের বিকল্প নেই। আর আল্লাহ বলেছেন, "তোমরা আল্লাহর রজ্জুকে সংঘবদ্ধভাবে ধারণ করো এবং পরস্পর বিচ্ছিন্ন হয়ো না"। (আল কুরআন, সূরা আলে ইমরান ৩:১০৩)

মানুষকে কল্যাণের দিকে আহবান করার দায়িত্ব দিয়েছেন আল্লাহ উম্মতে মুসলিমাকে। এ সব বিষয়কে সামনে রেখে নিজেদেরকে কল্যাণের পথে রাখা ও মানুষকে কল্যাণের দিকে ডাকার উদ্দেশ্যে আমেরিকাতে কাজ করে যাচ্ছে 'মুসলিম উম্মাহ অফ নর্থ আমেরিকা' (মুনা)।

## কর্মসূচী (Agenda)

মুনা পাঁচ দফা কর্মসূচীর ভিত্তিতে কাজ করে যাচ্ছে

১. **দাওয়াতঃ** (Da'wah) ইসলামী আদর্শ অনুশীলনের জন্য মুসলমানদের প্রতি আহবান এবং অমুসলিমদের নিকট ইসলামের পরিচিতি তুলে ধরা।

২. **সংগঠনঃ** (Organization) নিজের ও সমাজের কল্যাণে দায়িত্ব পালন করতে আগ্রহী ব্যক্তিগণকে সংগঠনের অধীনে সংঘবদ্ধ করা।

৩. **শিক্ষাঃ** (Education) ইসলামি জ্ঞান ও যোগ্যতা অর্জনের মাধ্যমে জীবনকে উন্নত করার প্রচেষ্টা চালানো।

৪. **সমাজসেবাঃ** (Social Services) মানব সমাজের উন্নয়নে কল্যাণমূলক কাজ করা।

৫. **পারস্পরিক সুসম্পর্কঃ** (Relationship) বিভিন্ন সংগঠন, ধর্মাবলম্বী ভাষাভাষী ও প্রতিবেশীদের সাথে পারস্পরিক সুসম্পর্ক বৃদ্ধির প্রচেষ্টা চালানো।

মুসলিম উম্মাহ অফ নর্থ আমেরিকা (মুনা) নন-প্রফিট, ফেইথ-বেজ্‌ড্‌ এবং ফেডারেল ট্যাক্স মওকুফ ও নিবন্ধনকৃত একটি ইসলামিক ও সামাজিক সংগঠন। এটা আমেরিকার বুকে একটি ন্যাশনাল সংগঠন হিসেবে বিভিন্ন স্টেট ও শহরে কাজ করে যাচ্ছে। মানব জীবনে ব্যক্তিগত উন্নতি, পারিবারিক সুখ-শান্তি, নৈতিক ও সামাজিক গুণাবলী অর্জনের মাধ্যমে আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে এ সংগঠন কাজ করে যাচ্ছে। এ সংগঠন ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক, ধর্মীয় ও জাতীয় জীবনের সর্বত্র সৎ কাজে আগ্রহী ও নিবেদিত প্রাণ ব্যক্তিদেরকে সংঘবদ্ধ করে তাদের মান উন্নয়নের চেষ্টা করে যাচ্ছে। যারা তাদের ব্যক্তিগত, পারিবারিক ও সামাজিক জীবনে সুখ-শান্তি প্রতিষ্ঠার জন্য পারস্পরিক সহযোগিতার মাধ্যমে কাজ করে। মুনা মুসলমানদের উদ্ধুদ্ধ করার চেষ্টা করে, যাতে তারা ইসলামী আদর্শকে পূর্ণভাবে অনুসরণের প্রচেষ্টা চালিয়ে আল্লাহর সন্তুষ্টি অর্জন করতে পারে এবং

সমাজের বুকে ইসলামের সৌন্দর্য্য তুলে ধরতে পারে। এ ছাড়া সমাজে বিভিন্ন ভাষাভাষী, ধর্মীয় ও জাতীয় পর্যায়ে সকলের সাথে সহযোগিতা ও সহ অবস্থানের জন্য মুনা কাজ করে যাচ্ছে।

একটি ন্যাশনাল সংগঠন হিসেবে আমেরিকার বহু স্টেটে মুনার কাজ ছড়িয়ে রয়েছে এবং অনেক স্টেটে এর প্রতিষ্ঠিত চ্যাপ্টার ও সাব চ্যাপ্টার আছে। পুরুষ, মহিলা, ইয়ুথ-ছেলেমেয়ে এবং শিশুদের মধ্যে কাজ করে যাচ্ছে। নতুন প্রজন্মের জন্য মুনার রয়েছে অনেক কর্মসূচী। ছেলেদের মধ্যে ‘মুনা ইয়ুথ’ এবং মেয়েদের মধ্যে ‘ইয়াং সিস্টারস অফ মুনা’ নামে কাজ হচ্ছে। আরো রয়েছে ‘মুনা চিলড্রেন’ যার মাধ্যমে ছোট ছেলে-মেয়েরা আগামী দিনের আদর্শ মুসলমান হিসেবে গড়ে উঠার সুযোগ পাচ্ছে। মুনা একটি সমাজসেবামূলক সংগঠন হিসেবে বিভিন্ন প্রকার সামাজিক কাজে সংঘবদ্ধভাবে তৎপর রয়েছে।

আসুন, আল্লাহর সন্তুষ্টি এবং দুনিয়াতে শান্তি ও আখিরাতের মুক্তির লক্ষ্যে আমরা সবাই সংঘবদ্ধভাবে আল্লাহর রজ্জুকে আঁকড়ে ধরি, শরীক হই মুনার কর্মতৎপরতায়। আল্লাহ আমাদের সকলকে এ মহান কাজের সাথে সম্পৃক্ত হওয়ার তৌফিক দান করুন। আমিন।

আল্লাহ রাব্বুল আলামিন বলেন, “আর তোমাদের মধ্যে অবশ্যই এমন একটা দল থাকা উচিত যারা আহবান জানাবে কল্যাণের দিকে, নির্দেশ দেবে ভাল কাজের এবং বারণ করবে অন্যায় কাজ থেকে, আর তারাই হলো সফলকাম। (আল-কুর’আন সূরা আলে ইমরান ৩:১০৪)

